সংবাদ

2 6 JAN 2017

ছাত্রলীগের প্রতি প্রধানমন্ত্রী —

# শিক্ষাঙ্গনে অনুকূল পরিবেশ বজায় রাখার আহ্বান

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাত্রলীগ নেতৃবৃন্দকে শিক্ষাঙ্গনে অনুকূল পরিবেশ
বজায় রাখার আহ্বান জানিয়ে বলেছেন, তার সরকার ক্যাম্পাসে কোন
প্রকার অস্ত্রের ঝনঝনানি দেখতে চায় না। বাসস।
আওয়ামী লীগ সভাপতি বলেন, অতীতে দেশের অধিকাংশ শিক্ষা
প্রতিষ্ঠানই তাদের ক্যাম্পাসে অস্ত্রের ঝনঝনানির জন্যই অনির্ধারিত বন্ধে
বছরের পর সেশন জট ছিল।
ছাত্র সমাজ তখন দুঃসময় কাটিয়েছে উল্লেখ করে তিনি বলেন, 'দেখা
গেছে- সেশন জটের জন্য অনেকেই পরীক্ষার জন্য অপেক্ষা করেই
চাকরির বয়স শেষ হয়েছে।'
প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল গণভবনে ছাত্রলীগ নেতাকর্মীদের সঙ্গে
সাক্ষাৎ ও মতবিনিময়কালে এ অভিমত ব্যক্ত করেন।
ছাত্রলীগের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।
গণভবনের সবুজ ঘাসের লনের এই অনুষ্ঠানে ছাত্রলীগ সভাপতি সাইফুর
রহমান সোহাগ এবং সাধারণ সম্পাদক এসএম জাকির হোসেনও বক্তৃতা
করেন।
এ সময় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও
সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ডায়াজে উপস্থিত ছিলেন।
এছাড়াও অন্যদের মধ্যে আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক ডা. দীপু মনি,
সাংগঠনিক সম্পাদক এনামুল হক শামীম এবং দফতর সম্পাদক ড.
আবদুস সোবহান গোলাপ উপস্থিত ছিলেন। '৯৬ সালে প্রথমবারের মতো
রাষ্ট্রীয় ক্ষমতা গ্রহণের পর সেশন জট কমাতে তার সরকারের উদ্যোগ
প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, নিয়মিত পরীক্ষা গ্রহণ, সেমিস্টার পদ্ধতির
প্রচলন এবং জিপিএ সিস্টেম চালু করার ফলেই এটা সম্ভব হয়েছে।
প্রধানমন্ত্রী শেখ হাসিনা লেখাপড়ায় মনোনিবেশ করার জন্য ছাত্রলীগ
নেতাকর্মীদের আহ্বান জানিয়ে বলেন, শুধু রাখার : পৃষ্ঠা : ২ ক : ৩

## রাখার : আহ্বান

(১৬ পৃষ্ঠার পর)

লেখাপড়া করলেই চলবে না- জঙ্গিবাদ,
সন্ত্রাস এবং মাদকের বিরুদ্ধেও সোচ্চার
হতে হবে এবং এসবের বিরুদ্ধে
গণসচেতনতা সৃষ্টি করতে হবে।
তিনি বলেন, 'আমি চাই তোমরা নিজ
নিজ এলাকায় যাও বা যেখানেই যাও
সেখানে স্থানীয় জনগণের মধ্যে সন্ত্রাস,
জঙ্গিবাদ ও মাদকাসক্তি নিয়ে জনমত
সৃষ্টির জন্য কাজ করবে।... সরকারের
এই সমাজিক ব্যাধি এবং জঙ্গি উচ্ছেদ
কার্যক্রমে এ সহযোগিতা করা হবে।
'দেশে শান্তিপূর্ণ পরিস্থিতি বজায়
থাকলেই কেবল কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব
হবে', বলেন শেখ হাসিনা।
ছাত্রলীগ নেতাকর্মীদের নিজেদের
একজন সৎ ও যোগ্য নাগরিক হিসেবে
গড়ে উঠায় সচেষ্ট হবার আহ্বান জানান।
তিনি বলেন, 'আমি চাই তোমরা
মনোযোগের সঙ্গে লেখাপড়া করে
যথাসময়ে পরীক্ষায় পাস করবে।
...তোমরা সৎপথে থেকে জনগণের জন্য
নিবেদিত প্রাণ হয়ে কাজ করবে।'
ছাত্রলীগ নেতাকর্মীদের শিক্ষার
পাশাপাশি নেতৃত্বেও গুণাবলি অর্জনের
আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন,
তোমাদের মধ্য থেকেই আগামীর নেতৃত্ব
বেরিয়ে আসবে।